



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।



Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

১৬ আষাঢ় ১৪২৮

তারিখঃ

৩০ জুন ২০২১

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)- এর বিস্তার রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত  
বিধি-নিষেধের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার কর্তৃক ১ জুলাই ২০২১ হতে ৭ জুলাই ২০২১ পর্যন্ত কতিপয় বিধি-নিষেধ ঘোষণা করা হয়েছে। বিধি-নিষেধ চলাকালে সীমিত পরিসরে আর্থিক প্রতিষ্ঠানসমূহ চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

০১। আগামী ১ জুলাই ২০২১ হতে ৪ জুলাই ২০২১ পর্যন্ত আর্থিক প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকবে। বিধি-নিষেধ চলাকালে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটিসহ প্রতি রবিবার আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকবে।

০২। ছুটির দিন ও রবিবার ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন গ্রাহকের হিসাবে মেয়াদপূর্তিতে স্থায়ী আমানত নগদায়ন, ঋণের কিস্তি জমা গ্রহণ ইত্যাদি জরুরি আর্থিক সেবা প্রদানের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঢাকায় ০১ (এক)টি শাখা ও ঢাকার বাহিরে প্রতি জেলায় সর্বোচ্চ ০১ (এক)টি শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহ সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা যাবে।

০৩। অফিস খোলা রাখার ক্ষেত্রে স্বাস্থ্য বিধি পরিপালনপূর্বক সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। কর্মকর্তা/ কর্মচারীগণকে চলাচলের সময় স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করতে হবে।

০৫। ১৬ জুন ২০২১ তারিখের ডিএফআইএম সার্কুলার লেটার নম্বর-১৬ এর কার্যকারিতা রহিত করা হলো।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮